পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

স্মারক নং- পদ/পক/এইচ আর এ/২০২৪/ ৬৬৬০ তারিখঃ ২৪ নভেম্বর, ২০২৪ খ্রিঃ

# অফিস আদেশ

**বিষয়ঃ দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য মোবাইল সেট ক্রয়ের পদবী ভিত্তিক প্রাপ্যতার সীমা (Entitlement) পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং- পদ/পক/এইচ আর এ/২০২২/৪২৪৫, তারিখঃ ৩০ অক্টোবর, ২০২২ ইং

" স্মার্ট পদক্ষেপ" গড়ার ধারাবাহিকতায় দাপ্তরিক দায়িত্ব পালনের জন্য কর্মীদের সার্বক্ষণিক Microzen, LEAP, TipSoi, Padakhep Action Express সহ অন্যান্য সফটওয়্যার এবং কোনো কোনো ক্ষেত্রে বিভিন্ন অ্যাপ্লিকেশন সফটওয়্যার ও E-mail ব্যবহার করতে হয়। বর্ণিত সফটওয়্যার সহ তথ্য প্রযুক্তিগত সকল প্রকার অ্যাপ্লিকেশন সফটওয়্যার ব্যবহার নিশ্চিত কল্পে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে প্রদত্ত মোবাইল সেট ক্রয়ের পদবী ভিত্তিক প্রাপ্যতার সীমা **(Entitlement)** বর্ণিত ছক এর আলোকে পুনঃনির্ধারণ করা হলোঃ-

| ক্রঃ নং | পদবী | পূনঃনির্ধারিত মোবাইল সেট প্রাপ্যতার সীমা (Entitlement) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | নির্বাহী পরিচালক (গ্রেড-১) | প্রয়োজনানুযায়ী | |
| ২ | পরিচালক (গ্রেড-২) | প্রয়োজনানুযায়ী | |
| ৩ | অতিরিক্ত পরিচালক (গ্রেড-৩) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ৫৫,০০০ টাকা | |
| ৪ | সিনিয়র যুগ্ম পরিচালক (গ্রেড-৪) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ৫০,০০০ টাকা | |
| ৫ | যুগ্ম পরিচালক (গ্রেড-৫) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ৪৫,০০০ টাকা | |
| ৬ | উপ-পরিচালক / উপ-পরিচালক ও ডিভিশনাল ম্যানেজার (গ্রেড-৬) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ৪০,০০০ টাকা | |
| ৭ | সিনিয়র সহকারী পরিচালক / সিনিয়র সহকারীর পরিচালক ও সিনিয়র জোনাল ম্যানেজার (গ্রেড-৭) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ৩৫,০০০ টাকা | |
| ৮ | সহকারী পরিচালক / সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার (গ্রেড-৮) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ৩০,০০০ টাকা | |
| ০৯ | গাড়ি চালক (গ্রেড-১২) | যে কোন ব্রান্ড, সর্বোচ্চ মূল্য ১৫,০০০ টাকা | |

## শর্তসমূহঃ-

ক) সংস্থা কর্তৃক প্রদত্ত মোবাইল সেট সংশ্লিষ্ট ব্যবহারকারীকে কমপক্ষে দুই বছর ব্যবহার করতে হবে।

খ) সংস্থা কর্তৃক প্রদত্ত মোবাইল সেটের মূল্য সীমার সাথে কর্মী প্রয়োজনে ব্যক্তিগত তহবিল যোগ করে অধিকতর ভালো মানের মোবাইল সেট ক্রয় করতে পারবে।

গ) দুই বছরের মধ্যে প্রদত্ত সেট এর সকল রক্ষণাবেক্ষণ সংশ্লিষ্ট ব্যবহারকারীকে নিজ দায়িত্বে / খরচে বহন করতে হবে।

ঘ) সংস্থা কর্তৃক প্রদত্ত মোবাইল সেট সংশ্লিষ্ট ব্যবহারকারীর নিকট থেকে হারানো গেলে বা নষ্ট হলে তার দায়ভার ব্যবহারকারীকে বহন করতে হবে এবং নিজ খরচে মেরামত করে বা ক্রয় করে দাপ্তরিক কাজ চলমান রাখতে হবে।

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

ঙ) সংস্থা কর্তৃক প্রদত্ত মোবাইল সেট কমপক্ষে দুই বছর ব্যবহার পরবর্তী মোবাইলসেটটি ব্যবহারের অনুপযোগী হলে পুনরায় নতুন মোবাইল সেট গ্রহণের আবেদন করতে পারবে।

চ) সংস্থা কর্তৃক প্রদত্ত মোবাইলসেট এর ব্যবহার সীমা দুই বছর অতিক্রম করলে উক্ত মোবাইলসেটটির মালিকানা সংশ্লিষ্ট ব্যবহারকারীর হয়ে যাবে অর্থাৎ পুরাতন মোবাইল সেট সংস্থার নিকট জমা প্রদান করতে হবে না।

ছ) সংস্থা কর্তৃক গত ০৩/০২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ইস্যুকৃত অফিস সার্কুলার পদ / পক / নিপস / ২০২২ / ২৫৪ এর নির্দেশনা অনুসারে মোবাইল সেট ক্রয়ের ক্ষেত্রে **বাধ্যতামূলক ভাবে (প্রাপ্যতা সাপেক্ষে) সংস্থার LEAP প্রোগ্রাম থেকে ক্রয় করতে হবে।**

স্ব স্ব পদের দাপ্তরিক কার্য সম্পাদনের ক্ষেত্রে উপযুক্ত মোবাইল সেট ব্যবহারের মাধ্যমে প্রয়োজনীয় সফটওয়্যার পরিচালনায় সকলে দক্ষ হবে এবং " স্মার্ট পদক্ষেপ" গড়তে সক্ষম হবে বলে কর্তৃপক্ষ আশাবাদী।

**অত্র অফিস আদেশটি জারীর তারিখ থেকে কার্যকর বলে বিবেচিত হবে।**

**মোঃ সালেহ বিন সামস**
**নির্বাহী পরিচালক**

**অনুলিপিঃ (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)**
১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. পরিচালক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিভাগ, প্রধান কার্যালয়।
৩. সকল প্রোগ্রাম / বিভাগ / প্রকল্প / ইউনিট / সেল / ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৪. সিনিয়র সহকারী পরিচালক, আই.সি.টি বিভাগ, প্রধান কাঁযালয় **(অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।**
৫. সকল সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার এবং অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৬. অফিস কপি।